



# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩



## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫/০৩/২০২০ইং তারিখের খুপ্রবি/সওপ্র/৩১৭৫/৫০ নং স্মারক মোতাবেক ০৯/০৪/২০২০ইং তারিখ পর্যন্ত সময়ে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষা কার্যক্রম ও সকল দপ্তর/অফিসের কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়। এক্ষণে, গত ০৫/০৪/২০২০ইং তারিখের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের (প্রজ্ঞাপন নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৬) প্রেক্ষিতে এ বন্ধের সময়সীমা আগামী ১৪/০৪/২০২০ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। একই সাথে এ সময়ে সংশ্লিষ্ট সকলকে জনসম্পৃক্ততা এড়িয়ে চলা ও নিজ নিজ বাসায় অবস্থান তথা নিরাপদে থাকার জন্য অনুরোধ করা হলো। বিশেষভাবে শিক্ষার্থীগণ যেন নিজ নিজ বাসস্থানে অবস্থান করে তা অভিভাবকগণকে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

মেডিকেল সেন্টার, নিরাপত্তা শাখা এবং প্রকৌশল শাখা (ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, জরুরী প্লাস্টিং ও রিপিয়ারিং এবং বৈদ্যুতিক মেরামত) এ ছুটির আওতাভুক্ত নয়।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

০৬/০৪/২০২০  
(জি.এম. শহিদুল আলম)  
রেজিস্ট্রার  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/সওপ্র/ ৩১৭৫/৫০

তারিখ : ৬/৪/২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সংরক্ষণ নথি।

০৬/০৪/২০২০  
(মোঃ তারিক আল হক নজীব)  
সেকশন অফিসার (গ্রেড-২)